# সবসময় কানেক্টেড
# মোবাইল ইন্টারনেট দক্ষতা প্রশিক্ষণ টুলকিট

মোবাইল ইন্টারনেট দক্ষতা প্রশিক্ষণ টুলকিট
মোবাইল ইন্টারনেটের মৌলিক দক্ষতায় প্রশিক্ষণের জন্য একটি নির্দেশিকা



স্বত্বাধিকার © 2018 GSM Association

# এই টুলকিটের ভূমিকা

মোবাইল ফোনের উপকারিতা শুধু কল করার মধ্যে সীমাবদ্ধ নয়। ক্রমশ আরো বেশি মাত্রায় এটা বিশ্বব্যাপী মানুষের ইন্টারনেটে প্রবেশ করার প্রধান উপায় হয়ে উঠছে। ইন্টারনেট ব্যাবহারে বিভিন্ন ধরনের সুবিধা আছে, তবে কার্যকরভাবে মোবাইল ফোন ব্যবহার করার জন্য সুনির্দিষ্ট দক্ষতা ও জ্ঞান প্রয়োজন হয়। অর্থাৎ যাদের দক্ষতা ও ধারণা নেই তারা এই সেবাগুলি ব্যবহার করতে পারবেননা।

## এই টুলকিট কী লক্ষ্য অর্জন করতে চাইছে?

এই টুলকিট মোবাইল নেটওয়ার্ক অপারেটর (MNOs), বেসরকারী সংস্থা (NGOs), উন্নয়নমূলক সংস্থা ও সরকারের জন্য, যারা মোবাইল ইন্টারনেট সম্পর্কে মানুষের মৌলিক জ্ঞান ও ধারণাকে উন্নত করার জন্য প্রশিক্ষণ দিতে চায়।

মোবাইল ফোনে ইন্টারনেটের গুরুত্ব ও কার্যকারিতা প্রদর্শনের জন্য প্রশিক্ষকদের যা প্রয়োজন, এখানে দেওয়া উপকরণ ও সংস্থানগুলো তাদেরকে তা প্রদান করে। ফলস্বরূপ, প্রশিক্ষকরা এই বিষয়ে আরো গভীর ধারণা অর্জন করবেন যে তারা কীসের জন্য ইন্টারনেট ব্যবহার করতে পারেন এবং ইন্টারনেট অ্যাক্সেস ও ব্যবহার করার জন্য মৌলিক দক্ষতা অর্জন করবেন। আমরা বিশ্বাস করি যে এর ফলে সচেতনতা বাড়বে এবং মোবাইল ইন্টারনেট জীবনের মানবর্ধক যে সেবাগুলো প্রদান করে তার ব্যবহারও বৃদ্ধি পাবে।

এই টুলকিটে উপস্থাপিত প্রশিক্ষণের লক্ষ্য হলেন সেই মানুষরা যাদের মোবাইল ইন্টারনেট দক্ষতা খুব কম আছে অথবা একেবারেই নেই। এর লক্ষ্য হল সেই সব মানুষকে শেখানো, যারা শিখতে চায় মোবাইল ইন্টারনেট কী এবং কীভাবে অনলাইন যোগাযোগ ও অনুসন্ধান করতে হয়। এই টুলকিট সেই সব মানুষের জন্য উপযুক্ত নয় যাদের মোবাইল ফোন ব্যবহারের কোনো অভিজ্ঞতাই নেই এবং কল করা বা SMS পাঠানোর মত সাধারণ কাজগুলো এর অন্তর্ভুক্ত নয়। এই কারণে, কীভাবে অ্যাপ ডাউনলোড করতে হয় বা কীভাবে ইমেল অ্যাকাউন্ট খুলতে হয় সেই বিষয়ে তথ্য এই টুলকিটে দেওয়া নেই, যেহেতু মোবাইল ইন্টারনেটের খুব কম দক্ষতা আছে বা কোনো দক্ষতাই নেই এমন মানুষদের পক্ষে এই প্রক্রিয়াগুলো সাধারণত খুব বেশি জটিল। একইভাবে, এটা সেই মানুষদের জন্যও পরিকল্পিত নয় যারা ইতিমধ্যেই মোবাইল ইন্টারনেটের সাথে পরিচিত।

# এই টুলকিটের ভূমিকা

### 'কীভাবে করা যায় নির্দেশিকা' কী?

'কীভাবে করা যায় নির্দেশিকা' এই নথির সঙ্গে মিলিতভাবে ব্যবহার করা উচিত, যা যে কোনো দেশের প্রশিক্ষকদের তাদের শ্রোতাদের জন্য মোবাইল ইন্টারনেটের মৌলিক দক্ষতাগুলির প্রাসঙ্গিকভাবে সুনির্দিষ্ট প্রশিক্ষণ প্রস্তুত করতে ও তা প্রদান করতে সক্ষম করে তোলে। কীভাবে তাদের সুনির্দিষ্ট শ্রোতাদের জন্য প্রয়োজনোপযোগী, অর্থপূর্ণ প্রশিক্ষণ সেশন ও সংস্থান প্রস্তুত করা যায় সেই বিষয়ে এই নির্দেশিকাটি পদক্ষেপ ও পরামর্শ প্রদান করে।

এছাড়াও 'কীভাবে করা যায় নির্দেশিকা'-তে অন্তর্ভুক্ত আছে সহায়ক উদাহরণগুলি, যা এই টুলকিট থেকে তথ্য ও পরামর্শের সাথে ব্যবহার করা যায়। আমরা এই টুলকিটের সব ব্যবহারকারীকে উৎসাহিত করব তাদের প্রশিক্ষণের সেশনগুলিকে পূর্ণতা দেওয়ার জন্য 'কীভাবে করা যায় নির্দেশিকা'র সবচেয়ে প্রাসঙ্গিক অংশগুলিকে পর্যালোচনা ও ব্যবহার করতে।

# এই টুলকিটে কী কী অন্তর্ভুক্ত?

এই টুলকিট একটি সূচনা পর্যায়ের স্মার্টফোনে মোবাইল ইন্টারনেট ব্যবহার করার সাথে পরিচিত করায়। এটির পরিকল্পনা করা হয়েছে একটি যাত্রাপথ হিসেবে, যা প্রশিক্ষনার্থীদের মৌলিক যোগাযোগের দক্ষতা থেকে ইন্টারনেটে অনুসন্ধান করার মতো আরো জটিল দক্ষতাগুলির দিকে এগিয়ে নিয়ে যায়। যদিও এই কাঠামোটি এই টুলকিটের সার্বিক প্রবাহকে নির্দেশনা দেয়, তবে এমনভাবে এটির পরিকল্পনা করা হয়েছে যাতে প্রতিটি প্রশিক্ষণ সেশনই এককভাবে কার্যকর হয়। এটা প্রশিক্ষককে বেছে নেওয়ার সুযোগ দেয় যে তার উদ্দিষ্ট শ্রোতার কাছে যেগুলি প্রাসঙ্গিক তার ওপরে নির্ভর করে কোন সেশনগুলি ব্যবহার করতে হবে।

আমরা মানুষকে মোবাইল ইন্টারনেটের সাথে পরিচিত করানোর জন্য WhatsApp, YouTube, Wikipedia, Facebook ও Google-এর সেবাগুলি ব্যবহার করি। এছাড়াও আমরা ইন্টারনেটের সাথে পরিচিত করাই এবং নিরাপত্তা ও খরচের বিষয়গুলিকে অন্তর্ভুক্ত করি। এটা আমাদের উপভোক্তা গবেষণার ভিত্তিতে করা হয়, যা দেখিয়েছে যে এই সেবাগুলি বেশির ভাগ দেশেই সবচেয়ে প্রাসঙ্গিক। আপনি যদি আপনার দেশে ব্যবহারের জন্য এই টুলকিটকে উপযোগী করতে চান, তাহলে আপনার শ্রোতার কাছে যা প্রাসঙ্গিক তার ওপরে নির্ভর করে আপনি এই সেবাগুলিকে উপযোগী করে নিতে পারেন। এই ক্ষেত্রে আনুষঙ্গিক 'কীভাবে করা যায় নির্দেশিকাটি' সহায়ক হতে পারে।

# এই টুলকিটে কী কী অন্তর্ভুক্ত?

## ইন্টারনেটের সাথে পরিচয়

অনেক মানুষ ইন্টারনেটের ব্যাপারে শুনে থাকলেও, তারা জানেন না যে ইন্টারনেট কী। ইন্টারনেট সম্পর্কে মানুষের সবচেয়ে সাধারণ যে প্রশ্নগুলি আছে তার কয়েকটির উত্তর দিতে সাহায্য করার জন্য, আমরা কিছু সহজ ব্যাখ্যা দিয়েছি।

## WhatsApp

অনেক দেশের মানুষেরই WhatsApp-এর ব্যাপারে আগ্রহ আছে। SMS ব্যবহার করার কারণে, এর মেসেজিং কার্যকরিতাটির সাথে মানুষ কিছুটা পরিচিত। WhatsApp-কে 'প্রবেশবিন্দু' হিসেবে ব্যবহার করলে প্রশিক্ষকরা মানুষের জানা বিষয়ের ওপরে ভিত্তি করে এগোতে পারেন, একই সাথে ইন্টারনেটের মাধ্যমে যোগাযোগের সুবিধা এবং এর জন্য প্রয়োজনীয় দক্ষতার সাথে পরিচিত করাতে পারেন।

## YouTube

YouTube প্রশিক্ষনার্থীদের একটি সহজ, অংশগ্রহণমূলক ও তুলনামূলকভাবে সংযুক্ত অনলাইন পরিবেশে ইন্টারনেট বিষয়বস্তু আবিষ্কার করতে সক্ষম করে। অডিও-ভিজুয়াল বিষয়বস্তুতে মানুষের যে উৎসাহ আছে তার ওপরে ভিত্তি করে এটা প্রশিক্ষকদের এগোতে দেয়, এবং একই সাথে মোবাইল ইন্টারনেট ব্যবহার করার জন্য প্রয়োজনীয় দক্ষতাগুলির সাথে পরিচিত করায়।

ইন্টারনেট সংযোগের সমস্যার কারণে সব জায়গায় YouTube উপলব্ধ নাও হতে পারে। এই ক্ষেত্রে আমরা YouTube মডিউলটি বাদ দেওয়ার অথবা অন্য একটি অডিও/ভিজুয়াল অ্যাপ্লিকেশন ব্যবহার করার পরামর্শ দিই যা চালানোর জন্য কম ডেটা প্রয়োজন হয় (যেমন Google ইমেজ সার্চের মতো একটি ছবি সন্ধানের অ্যাপ্লিকেশন)।

## Google Search

Google Search মানুষকে এমন বিষয়বস্তু সন্ধান করতে দেয় যা ইন্টারনেটে তাদের কাছে প্রাসঙ্গিক। এটা প্রশিক্ষনার্থীদেরকে ইন্টারনেটে তাদের কাছে উপলব্ধ তথ্যের ব্যাপ্তি ও গভীরতার অভিজ্ঞতা অর্জনের সুযোগ দেয়। এছাড়াও এটা তাদেরকে সন্ধান ও নেভিগেশনের দক্ষতাগুলি অনুশীলনের সুযোগ দেয়। যে প্রশিক্ষকরা তাদের অংশগ্রহণকারীদের কাছে YouTube মডিউলটি ব্যাখ্যা করেছেন, তাদের জন্য এটা YouTube এর সাথে শেখা দক্ষতাগুলিকে আরো উন্নত করার সুযোগ দেয়।

# এই টুলকিটে কী কী অন্তর্ভুক্ত?

## Wikipedia

Wikipedia হল বিনামূল্যের একটি ইন্টারনেট সূত্র (বা বিশ্বকোষ), যা শিক্ষামূলক বিষয়গুলি সম্পর্কে নিরপেক্ষ, বাস্তব তথ্য প্রদান করে। এই মডিউলটি প্রশিক্ষনার্থীদেরকে ইন্টারনেটে যে বিশাল ব্যাপ্তির তথ্য পাওয়া যায় তার একটি উদাহরণ দেয়, এমন একটি ওয়েবসাইটে যা গ্রাহকের অল্প পরিমাণ মোবাইল ডেটা ব্যবহার করে। এটা তাদেরকে এই ধারণার সঙ্গেও পরিচিত করায় যে প্রায়ই বিশ্বব্যাপী সাধারণ মানুষরা ইন্টারনেটে বিষয়বস্তু তৈরি করেন।

## Facebook

Facebook হল একটি সোশ্যাল নেটওয়ার্ক যা মানুষকে ব্যবসায়িক যোগাযোগের সঙ্গে কথোপকথন করা, সংবাদ পাওয়া, পরিবার ও বন্ধুদের সঙ্গে সম্পর্ক রাখা অথবা বিখ্যাত মানুষ ও খেলার দলগুলিকে অনুসরণ করার সুযোগ দেয়। এই মডিউল একটি সোশ্যাল নেটওয়ার্ক-এর দ্বারা উপস্থাপিত বিস্তৃত মাত্রার সম্ভাবনাগুলি প্রদর্শন করে এবং তাদেরকে একটি 'অ্যাকাউন্ট' ও বিষয়বস্তু 'শেয়ার করার' বিষয়ে ধারণা দেয়।

## নিরাপত্তা ও খরচ

WhatsApp, YouTube, Google, Wikipedia ও Facebook প্রতিটি মডিউলেই সুরক্ষিত থাকা এবং মোবাইল ইন্টারনেট ব্যবহার করার খরচ বোঝার বিষয়গুলিকে অন্তর্ভুক্ত করা হয়। আমাদের গবেষণা দেখিয়েছে যে ভারতে মোবাইল ইন্টারনেট ব্যবহারকারী মানুষদের কাছে নিরাপত্তা ও খরচ উল্লেখযোগ্য উদ্বেগের বিষয়, তাই আমরা প্রতিটি গভীর প্রশিক্ষণের ভিতরে এবং বাইটসাইজ প্রশিক্ষণ সেশনগুলিতে পৃথকভাবে এগুলিকে উদ্দেশ করার সিদ্ধান্ত নিয়েছিলাম।

# এই ছবিটি প্রশিক্ষণের অন্তর্ভুক্ত প্রধান সেবা, কার্যকারিতা ও দক্ষতাগুলির একটি চাক্ষুষ বিবরণ প্রদান করে।

## মোবাইল ইন্টারনেট

**WhatsApp**

দুজনের মধ্যে পারস্পরিক মেসেজ পাঠানো ও গ্রহণ

দল গঠন করুন এবং দলবদ্ধভাবে অংশগ্রহণ করুন

**YouTube**

ভিডিও সন্ধান করুন

**Google**

তথ্য সন্ধান করুন এবং তার মধ্যে দিয়ে চালনা করুন

**Wikipedia**


বিনামূল্যে তথ্য সন্ধান করুন এবং তার মধ্যে দিয়ে চালনা করুন

**Facebook**

বন্ধু ও পরিবারের সঙ্গে যুক্ত থাকুন

# এই টুলকিটকে কীভাবে ব্যবহার করা যায়?


## আপনার প্রশিক্ষণার্থীদের জন্য কতটা সময় আছে তার ওপরে নির্ভর করে আপনি বিভিন্নভাবে এই টুলকিট ব্যবহার করতে পারেন।




**যে প্রশিক্ষকরা প্রশিক্ষনার্থীদের একবারে মাত্র 2-3 মিনিট** সময় দিতে পারেন, তাদের জন্য 'বাইটসাইজ' প্রশিক্ষণ আছে, যা মাত্র 2-3 মিনিটের প্রশিক্ষণ সেশন। প্রতিটি সেশনে একটি বিষয় অন্তর্ভুক্ত থাকে এবং ছয়টি বিষয়ের মধ্যে থেকে বেছে নেওয়া যায়: ইন্টারনেটের সাথে পরিচয়, WhatsApp, YouTube, Google, Wikipedia, Facebook নিরাপত্তা ও খরচ।

যে সব প্রশিক্ষনার্থী ইতিমধ্যেই প্রশিক্ষণ সম্পূর্ণ করেছেন, কিন্তু তারা যা শিখেছেন তার একটা সংক্ষিপ্ত পুনরাবৃত্তি চান, তাদের জন্য বাইটসাইজ সেশনগুলিকে রিফ্রেশার হিসেবেও ব্যবহার করা যায়।

বাইটসাইজ' প্রশিক্ষণের জন্য পাতা 10 দেখুন।




**যে প্রশিক্ষকরা প্রশিক্ষনার্থীদের 45-60 মিনিট সময় দিতে পারেন,** তাদের জন্য চারটি 'গভীর প্রশিক্ষণ' সেশন আছে। গভীর প্রশিক্ষণ সেশনগুলি 45-60 মিনিটের সূচনামূলক সেশনের সাথে শুরু হয়, তারপরে একই সময়সীমার তিনটি মোবাইল ইন্টারনেট সেবা প্রশিক্ষণের সেশন করা হয়। মোবাইল ইন্টারনেট প্রশিক্ষণের প্রতিটি সেশনে একটি বিষয়কে অন্তর্ভুক্ত করা হয়: WhatsApp, YouTube, Google. প্রতিটি প্রশিক্ষণ সেশনের মধ্যে Wikipedia, Facebook, নিরাপত্তা ও খরচ অন্তর্ভুক্ত করা হয়।

'গভীর' প্রশিক্ষণের জন্য পাতা 30 দেখুন।

# বাইটসা
# প্রশিক্ষণ

# কীভাবে বাইটসাইজ প্রশিক্ষণ ব্যবহার করতে হয়




**এই বিভাগটি সেই প্রশিক্ষকদের জন্য যারা প্রশিক্ষনার্থীদের সঙ্গে কাজ করার জন্য মাত্র 2-3 মিনিট** সময় পান। যে সব প্রশিক্ষনার্থী ইতিমধ্যেই প্রশিক্ষণ সম্পূর্ণ করেছেন, কিন্তু তারা যা শিখেছেন তার একটা সংক্ষিপ্ত পুনরাবৃত্তি চান, তাদের জন্য এটিকে রিফ্রেশার হিসেবেও ব্যবহার করা যায়।

প্রতিটি সেশনে একটি বিষয় অন্তর্ভুক্ত থাকে এবং ছয়টি বিষয়ের মধ্যে থেকে বেছে নেওয়া যায়: ইন্টারনেটের সাথে পরিচয়, WhatsApp, YouTube, Google, Wikipedia, Facebook নিরাপত্তা ও খরচ। প্রতিটি সেশনে সেবাটির একটি ব্যাখ্যা দেওয়া ও ফোনে অনুশীলনের ওপরে মনোনিবেশ করা হয়।

# প্রতিটি বাইটসাইজ সেশন একই রকম কাঠামো অনুসরণ করে:

## এটা কী?

সেবাটির একটি সংক্ষিপ্ত ব্যাখ্যা দিন। **"উদ্ধৃতি"** চিহ্ন ইঙ্গিত করে প্রশিক্ষকরা কী বলতে পারেন

## আপনি কিসের জন্য এটি ব্যবহার করতে পারেন?

সেবাটির সুবিধাগুলি সংক্ষেপে ব্যাখ্যা করুন। "উদ্ধৃতি" চিহ্ন ইঙ্গিত করে প্রশিক্ষকরা কী বলতে পারেন

## এটা কিভাবে কাজ করে??

### বাস্তব ব্যবহার!

প্রশিক্ষনার্থীদেরকে ফোনে সেবাটি ব্যবহার করতে সাহায্য করার জন্য 'কীভাবে পোস্টারগুলি ব্যবহার করতে হয়' ব্যবহার করুন। এটা আপনার দেওয়া ফোন হতে পারে, অথবা প্রশিক্ষনার্থীর নিজের ফোনও হতে পারে।

## অনুশীলন করুন!

**অনুশীলন করুন,** শ্রোতার জন্য প্রাসঙ্গিক উদাহরণগুলির সাথে

# গভীরে প্রশিক্ষণ

# আপনার প্রশিক্ষণের ডিজাইন কীভাবে করতে হয়

গভীর প্রশিক্ষণ বাস্তবায়িত করার জন্য এগুলি হল পরামর্শ।

## 1. একই লিঙ্গের মানুষদের জন্য সেশন

মহিলা ও পুরুষদের আলাদা প্রশিক্ষণ সেশনে ভাগ করুন। লিঙ্গগত আগ্রহ ও উদ্বেগগুলি খোলাখুলি আলোচনা করার জন্য এটা বাস্তবিক অভিজ্ঞতা ও জায়গার একটি সমান সুযোগ প্রদান করে

## 2. ছোট দলে অনুশীলন

প্রশিক্ষনার্থীদের অনধিক ছয়জন মানুষের ছোট ছোট দলে ভাগ করুন। প্রতিটি দলকে সহায়তা করার জন্য একজন প্রশিক্ষক দিন। এটা প্রশিক্ষনার্থীদের বাস্তব অভিজ্ঞতা অর্জনে সক্ষম করে এবং সমকক্ষ মানুষদের একে অপরের থেকে শেখা ও সহায়তা করার সুযোগ দেয়

## 3. সমান দক্ষতার স্তরের দল


অনুরূপ জ্ঞান ও দক্ষতার স্তর আছে এমন অন্যদের সঙ্গে প্রশিক্ষনার্থীদের দলবদ্ধভাবে মেলান। প্রশিক্ষনার্থীরা যাতে দলের অন্যদের সঙ্গে অনুরূপ দক্ষতার স্তরে থাকেন তা খুবই গুরুত্বপূর্ণ, যাতে তারা আত্মবিশ্বাসী বোধ করেন ও আগ্রহী হন। যদি দেখা যায় যে প্রশিক্ষনার্থীরা তাদের দলের অন্যদের সঙ্গে অনুরূপ দক্ষতার স্তরে নেই তাহলে প্রশিক্ষণ শুরু হওয়ার পরে প্রশিক্ষনার্থীদের বিভিন্ন দলে সরিয়ে দিন।

## 4. শেয়ার করা ডিভাইস

কারো যদি নিজস্ব স্মার্টফোন না থাকে তাহলে আগে থেকে ভরা ডেটা সমেত তাদেরকে সূচনা পর্যায়ের স্মার্টফোন দিন। নিশ্চিত করতে চেষ্টা করুন যাতে ফোনগুলি অনুরূপ (যেমন এগুলিতে একই অপারেটিং সিস্টেম আছে) হয় এবং এতে অনুরূপ কার্যকারিতা থাকে। এটা সবাইকে প্রশিক্ষণের সময় একই ধাপগুলির মধ্যে দিয়ে যেতে দেয় এবং ব্যক্তিগত ডেটা বা ব্যক্তিগত তথ্য ব্যবহার করার সম্পর্কে উদ্বেগগুলি অতিক্রম করতে দেয়। আদর্শ ক্ষেত্রে আমরা প্রতি ডিভাইস পিছু তিন জনের বেশি প্রশিক্ষনার্থীর পরামর্শ দিই না।


# প্রশিক্ষকদের জন্য পরামর্শ

## মৌলিক বিষয় দিয়ে শুরু করুন




যদিও প্রশিক্ষনার্থীরা কিছু ইন্টারনেট পরিষেবার সাথে পরিচিত হতে পারেন, তবে তাদের জ্ঞানে কিছুটা ফাঁক থাকবে।

## এটাকে সহজ রাখুন



সংক্ষিপ্ত ও অ-প্রযুক্তিগত ব্যাখ্যা ব্যবহার করুন

## এটাকে প্রাসঙ্গিক করে তুলুন



প্রশিক্ষনার্থীদের যুক্ত রাখার জন্য ব্যক্তিগত আগ্রহকে কাজে লাগান

## কার্যকলাপে উৎসাহিত করুন




প্রশিক্ষনার্থীদেরকে ফোনে অনুশীলন করানোর ওপরে মনোনিবেশ করুন

## প্রশিক্ষনার্থীদের প্রশংসা করুন



নিয়মিত ইতিবাচক উৎসাহ দিয়ে প্রশিক্ষনার্থীদের পুরস্কৃত করুন আপনার প্রশিক্ষণ সেশনের জন্য উপযুক্ত হলে, প্রশিক্ষনার্থীদের সার্টিফিকেট দেওয়া যেতে পারে

## প্রশিক্ষনার্থীদের সঙ্গে মতবিনিময় করুন



প্রশিক্ষনার্থী ও প্রশিক্ষকের মধ্যে দু'তরফা কথাবার্তায় উৎসাহ দিন

# গভীরে প্রশিক্ষণ কীভাবে ব্যবহার করতে হয়

**যে প্রশিক্ষকরা প্রশিক্ষনার্থীদের সঙ্গে 45-60 মিনিট সময় পান, তাদের জন্য এটি একটি 'গভীর প্রশিক্ষণ'।** প্রশিক্ষণে চারটি 45-60 মিনিটের সেশন থাকে।

এটা একটা সূচনামূলক সেশন দিয়ে শুরু হয়, তারপরে একটি করে বিষয়ের ওপরে পাঁচটি প্রশিক্ষণ সেশন হয়। WhatsApp, YouTube, Google, Wikipedia ও Facebook। প্রতিটি প্রশিক্ষণ সেশনের মধ্যে নিরাপত্তা ও খরচ অন্তর্ভুক্ত করা হয়।

যদিও এমনভাবে প্রশিক্ষণটির ডিজাইন করা হয়েছে যাতে প্রতিটি সেশন পূর্ববর্তী সেশনের ওপরে ভিত্তি করে এগোয়, তবে প্রতিটি প্রশিক্ষণ সেশন এককভাবেও করা যায়।

অর্থাৎ আপনি আপনার প্রশিক্ষনার্থীদের সঙ্গে কোন প্রশিক্ষণ সেশনটি ব্যবহার করতে চান তা আপনি বেছে নিতে পারেন, যা নির্ভর করছে তাদের জন্য কোনটা প্রাসঙ্গিক তার ওপরে। আপনি যদি সংযোগের সমস্যার কারণে আপনার স্থানে YouTube ব্যবহার করতে না পারেন তাহলে এই মডিউলটি বাদ দিয়ে যেতে পারেন এবং আরেকটি অডিও-ভিজুয়াল সেবা ব্যবহার করতে পারেন যা চালানোর জন্য কম ডেটা প্রয়োজন হয়।

## গভীর প্রশিক্ষণে চারটি প্রধান ধরনের কার্যক্রম আছে:

**ব্যাখ্যা।** একটি সেবার লাভগুলির সাথে পরিচিত করানোর জন্য সংক্ষিপ্ত ব্যাখ্যা

**কার্যক্রম:** ফোনে ব্যবহারিক অনুশীলন

**আলোচনা।** প্রশিক্ষনার্থীদেরকে তাদের জীবনে প্রাসঙ্গিকতা বিবেচনা করতে উৎসাহিত করুন।

**পুনরাবৃত্তি।** প্রতিটি মডিউলের পাঠগুলিকে আরো জোরালো করা